ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

মান — ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ জনাব জ, ল এবং ফ তিন ভাই। জ সদা সত্য কথা বলে এবং ইসলামি বিধান অনুসারে জীবনযাপন করে। অপরদিকে ফ অসত্য কথা বলে এবং ইসলাম পরিপন্থি কাজে লিপ্ত। ল, জ এর সাথে থাকলে নামাজ-রোজা পালন করে। আর ফ এর সাথে থাকলে বলে নামাজ-রোজার প্রয়োজন নেই।

ক. الايمان কী? ১

খ. ব্যাখ্যা কর : فى قلوبهم مرض فزادهم الله مرضا ২

গ. ফ-এর কর্মকাণ্ডে সুরা বাকারায় বর্ণিত কোন চরিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জ-এর চরিত্র বিশ্লেষণপূর্বক আখিরাতে তার অবস্থান নিরূপণ কর। ৪

২.▶ জনাব আসিফ তার বন্ধু সাদিক ও নাইমকে তার খামার দেখাতে গেলেন। খামার দেখে মুগ্ধ হয়ে সাদিক বলল, আপনি খুব ভাগ্যবান। আল্লাহ আপনাকে অনেক ফসল দিয়েছেন। এ কথা শুনে নাইম বলল, আল্লাহ ও ভাগ্য বলে কিছু নেই। আসিফ প্রচুর পরিশ্রম ও অনেক বিনিয়োগ করেছেন তাই ভালো ফসল পেয়েছেন। তখন আসিফ নাইমকে—

الذى جعل لكم الارض فراشا والسماء بناء وانزل من السماء ماء فاخرج به من الثمرات رزقا لكم فلا تجعلوا لله اندادا وانتم تعلمون - পাঠ করে শুনালেন।

ক. السفهاء অর্থ কী? ১

খ. ذلك الكتاب لا ريب فيه এর মর্মার্থ লিখ। ২

গ. পঠিত আয়াত দ্বারা কী বুঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাইমের পরিণতি মূল্যায়ন কর। ৪

৩.▶ বক্তা একটি জাতি সম্পর্কে আলোচনা করছিলেন। আল্লাহ সেই জাতির মধ্যে অনেক নবি-রাসুল প্রেরণ করেন। তাছাড়া তাদের মান্না ও সালওয়া দান করেন। সেই সময় একজন অত্যাচারী শাসক তাদের স্বাধীনতা হরণ করে দাসে পরিণত করে। এমনকি তাদের পুত্রদের হত্যা করত আর কন্যাদের অব্যাহতি দিত।

ক. متقى এর সংজ্ঞা লেখ। ১

খ. অনুবাদ কর : ومن الناس من يقول امنا بالله وباليوم الاخر وما هم بموْ منين ২

গ. উদ্দীপকে কোন শাসক সম্পর্কে বলা হয়েছে? তার পরিণতি লেখ। ৩

ঘ. উদ্দীপকে কোন জাতি সম্পর্কে বলা হয়েছে? তাদেরকে আল্লাহ যে অনুগ্রহরাজি দান করেছিলেন তা বর্ণনা কর। ৪

৪.▶ I সাধারণ শিক্ষায় শিক্ষিত মানুষ। ইসলামি বিধি-বিধান সম্পর্কে ভালোভাবে জানত না এবং মানতো না। কথিত ইসলামি পণ্ডিত K তাকে ইসলামি শরিয়ত মোতাবেক চলার পরামর্শ দেয়। অথচ K মাঝে মাঝে নামাজ ত্যাগ করে, অনাহারীকে খাবার দেয় না, তার স্ত্রী ও কন্যারা পর্দা করে না। K সম্পর্কে ইমাম সাহেবকে জিজ্ঞাসা করা হলে, ইমাম সাহেব আয়াতগুলো পাঠ করেন:

اتامرون الناس بالبر وتنسون انفسكم وانتم تتلون الكتاب افلا تعقلون- واستعينوا بالصبر والصلاة وانها لكبيرة الا على الخاشعين

http://teachingbd.com

ক. বনি-ইসরাইল কারা? ১
খ. অর্থ লিখ : ولاتلبسوا الحق با لباطل وتكتموا الحق وانتم تعلمون ২
গ. K এর চরিত্র কোন সম্প্রদায়ের সাথে মিলে? বিশ্লেষণ কর। ৩
ঘ. J কীভাবে আল্লাহর সান্নিধ্য পাবে? পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা কর। ৪

৫.▶ L, M ও N তিন বন্ধু। L মাদকাসক্ত, সে ধর্মীয় নির্দেশনা মানে না। M ও N প্রত্যহ এশা'র নামাজের পর কুরআন-হাদিস নিয়ে আলোচনা করে। আজকাল M নামাজ শেষে দোকানে বসা শুরু করেছে। N এ ব্যাপারে তাকে জিজ্ঞাসা করলে M, N কে মহানবি (স) এর হাদিস- طلب كسب الحلال فريضة بعد الفريضة শোনায়।

ক. الحديث القدسى কী? ১
খ. ইসলামের স্তম্ভ কয়টি ও কী কী? ২
গ. মাদকের সাথে জড়িত সাত শ্রেণির লোককে আল্লাহ অভিশাপ দিয়েছেন। তারা কারা? ব্যাখ্যা কর। ৩
ঘ. M এর বর্তমান কর্মকাণ্ডের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬.▶ P ও Q দুইভাই। P পরনিন্দা করে, অশ্লীল কথা বলে, মানুষকে অভিশাপ দেয় এবং যে কোনো হীন কাজ করতে পারে। Q একজন ফল ব্যবসায়ী। ফরমালিন ও কারবাইডমুক্ত ফল বিক্রি করে। জীবনে সে কখনো ওজনে কম দেয়নি ও খারাপ ফল বিক্রি করেনি। সে ইসলামি শরিয়া মোতাবেক জীবন-যাপন করে।

ক. ইমানের সর্বোৎকৃষ্ট শাখা কোনটি? ১
খ. ব্যাখ্যা কর : اليد العليا خير من اليد السفلى ২
গ. P এর স্বভাবের সাথে হাদিসের কোন চরিত্রের মিল আছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. Q এর কর্মকাণ্ড মূল্যায়ন করে আখেরাতে তার অবস্থান নিরূপণ কর। ৪

৭.▶ R এর ছেলে বিদেশে থাকে। বাবার জন্য সে মোবাইল ফোন পাঠিয়েছে। তার ভাই তাকে মোবাইল ব্যবহার করতে নিষেধ করে। কারণ এটি বিদআত। R মোবাইলের বৈধতা জানার জন্য ইসলামি রিসার্চ ফাউন্ডেশনের সভাপতির নিকট বিষয়টি উপস্থাপন করেন। সভাপতি পরের দিন বিজ্ঞ আলেমগণকে সভায় আহ্বান করেন। মোবাইল ব্যবহারের ইতিবাচক ও নেতিবাচক বিষয়াদি বিবেচনা করে তারা সিদ্ধান্ত দেন যে, মোবাইল ব্যবহার শরিয়তসম্মত।

ক. قياس কী? ১
খ. 'কিয়াস'-এর হুকুম বর্ণনা কর। ২
গ. ইসলামি আইনের কোন উৎসবলে মোবাইল ব্যবহার বৈধ? বিশ্লেষণ কর। ৩
ঘ. মুসলিম সমাজে ইজমার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

৮.▶ ইয়াবার বৈধতা নিয়ে তিন বন্ধু S, T ও U এর মধ্যে আলোচনা চলছিল। S বলল কুরআন ও হাদিসে ইয়াবা নিয়ে কোনো আলোচনা নেই। ইয়াবা নিষিদ্ধ হলে অবশ্যই তা কুরআন অথবা হাদিসে থাকত। যেহেতু আলোচনা নেই তাই ইয়াবা বৈধ। T বলল ইয়াবা অবৈধ। কারণ মদের মধ্যে যে বৈশিষ্ট্য আছে, ইয়াবার মধ্যেও তা আছে। U বলল, T

http://teachingbd.com

এর কথাই সঠিক। কেননা মহান আল্লাহ বলে— فاعتبروا ياولى الابصار

ক. الاجماع কী? ১

খ. قياس ছাড়া ইসলামকে সম্পূর্ণ জীবন ব্যবস্থা বলা যায় না কেন? ২

গ. ইয়াবা অবৈধ সহওয়া সম্পর্কে T এর বক্তব্য ব্যাখ্যা কর। ৩

ঘ. فاعتبروا ياولى الابصار এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯.▶ V একজন ধর্মপ্রাণ মুসলিম। প্রতি রমজানে তিনি সম্পদের হিসাব নিকাশ করে অসহায় মানুষের ভাগ্য উন্নয়নে তার সম্পদের একটি অংশ খরচ করেন। এ রমজানে যখন তিনি অসহায়দের সাহায্য করছিলেন তার ছোট ছেলে তাকে জিজ্ঞাসা করল, বাবা কেন তুমি তাদের টাকা-পয়সা দাও? বাবা বললেন, দারিদ্র দূর করার জন্য আমি এ কাজ করি। তাছাড়া এটা তাদেরই হক। তখন তার ভাই W বলল এটি পাগলের প্রলাপ।

ক. মৌলিক ইবাদত বলতে কী বুঝ? ১

খ. ব্যাখ্যা কর : الصلاة معراج المؤمنين ২

গ. W এর পরিণতি বিশ্লেষণ কর। ৩

ঘ. দারিদ্র্য বিমোচনে V এর প্রচেষ্টা কতটুকু সহায়ক? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ X ও তার পরিবার একটি নির্দিষ্ট মাসে ভোর হতে সন্ধ্যা পর্যন্ত পানাহার, যৌন উপভোগ ও অন্যায় কাজ হতে বিরত থাকেন। এ সময় তিনি দরিদ্রদের প্রচুর দান করেন। মাগরিবের সময় মানুষকে পেটপুরে খাওয়ান। তার প্রতিবেশী একদিন তাকে জিজ্ঞাসা করল, সারাদিন উপোস থেকে সন্ধ্যায় এত মানুষ নিয়ে খাও কেন? তিনি বললেন, আল্লাহর সন্তুষ্টির জন্য।

ক. জাকাতের نصاب কী? ১

খ. مصارف الزكوة বর্ণনা কর। ২

গ. আল্লাহর সন্তুষ্টির তাৎপর্য ব্যাখ্যা কর। ৩

ঘ. X এর কাজে ইসলামের কোন দিক ফুটে উঠেছে। তার সামাজিক গুরুত্ব আলোকপাত কর। ৪

১১.▶ Y একজন মধ্যবয়সী সচ্ছল মানুষ। কিন্তু তিনি কখনো অপব্যয় করেন না এবং মৌলিক ইবাদত বাদ দেন না। বর্তমানে তিনি অধিক রাত জেগে সালাত ও জিকির আজকার করছেন অন্তরের পরিশুদ্ধি এবং আল্লাহর নৈকট্যের আশায়। তার ভাই Z বিলাসবহুল জীবনযাপন করেন। তিনি শুধু মৌলিক ইবাদতটুকুই করেন। জীবনযাপনের ব্যাপারে জিজ্ঞাসিত হয়ে বলেন, আমি ব্যস্ত মানুষ, সময় পাই না। তা ছাড়া একদমই রাত জাগতে পারি না।

ক. নৈতিক মূল্যবোধ বলতে কী বুঝ? ১

খ. হাসান বসরীর পরিচয় দাও। ২

গ. Y এর আচরণ কোন দিকে ইঙ্গিত করে? তার গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে আত্মশুদ্ধির উপায়গুলো বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ০

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ইমাম মালিক (র.) রচিত গ্রন্থ কোনটি?**
ক) আর রিসালাহ খ) আল মুয়াত্তা
গ) আল মুসনাদ ঘ) আল হিদায়া

**২. হাদিসের মূল বক্তব্যকে কী বলা হয়?**
ক) মতন খ) সনদ
গ) রাবী ঘ) বর্ণনা

**৩. সকল পাপের জননী কে?**
ক) অজ্ঞতা খ) অলসতা
গ) মিথ্যা ঘ) সত্য

**৪. দৈহিক ও আর্থিক ইবাদত কোনটি?**
ক) সালাত খ) যাকাত
গ) সিয়াম ঘ) হজ

**৫. আল্লাহর বান্দা এবং কুফরের মধ্যে ব্যবধান হচ্ছে—**
ক) জাকাত না দেয়া খ) সাওম পরিহার করা
গ) সালাত ত্যাগ করা ঘ) হজ না করা

**৬. تصوف শব্দের মূল صوف হলে এর অর্থ কী?**
ক) পরিচ্ছন্ন খ) পশম
গ) সারি ঘ) জ্ঞান

**৭. কোন সাহাবি গ্রন্থাকারে কুরআন সংকলনের দায়িত্বপ্রাপ্ত হন?**
ক) উবাই ইবন কা'ব (রা.)
খ) যায়দ ইবন সাবিত (রা.)
গ) আব্দুল্লাহ ইবন সা'দ (রা.)
ঘ) যুবায়ের ইবন আওয়াম (রা.)

**৮. মুদ্রণযন্ত্র আবিষ্কারের পর কত সালে কুরআন প্রথম মুদ্রিত হয়?**
ক) ১৬৬৮ খ) ১৬৯৪
গ) ১৮২৮ ঘ) ১৮৩৪

**৯. ءانذرتهم ام لم تنذرهم لا يؤمنون আয়াতে কাদেরকে বুঝানো হয়েছে?**
ক) কাফির খ) মুনাফিক
গ) মুশরিক ঘ) কুরাইশ

**উদ্দীপকের আলোকে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

আবু সুফিয়ান গ্রামের একজন নিরীহ চাষী। তিনি নিয়মিত নামাজ পড়েন, দান-সদকা করেন, নবি-রাসুল, পরকাল ও অদৃশ্যে বিশ্বাস করেন। অপরদিকে আদনান একজন চা বিক্রেতা। তার দোকানে অনেক লোকের সমাগম হয়। সে বলে, আমি আল্লাহ, রাসুল, পরকাল সবকিছুতেই বিশ্বাস করি। বাস্তবে সে নামাজ পড়ে না।

**১০. সুরা বাকারার আলোকে আদনানের কর্মকাণ্ড কার মত?**
ক) কাফির খ) মুশরিক
গ) মুনাফিক ঘ) ফাসেক

**১১. আবু সুফিয়ানের কর্মকাণ্ডে তার—**
i. সংসারে সুখ-শান্তি বিরাজ করে
ii. জান্নাতে যাওয়ার পথ সুগম হয়
iii. ধন-সম্পদ বৃদ্ধিপ্রাপ্ত হয়

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১২. ان الله على كل شئ قدير আয়াতে আল্লাহ সর্ব বিষয়ে—**
ক) সর্বজ্ঞানী খ) সর্বশক্তিমান
গ) সর্বশ্রোতা ঘ) সর্বদ্রষ্টা

**১৩. পূর্ব সিদ্ধান্তকে দৃষ্টান্ত হিসেবে গ্রহণ করে মীমাংসা করাই হচ্ছে—**
ক) ইজমা খ) কিয়াস
গ) আযীমত ঘ) রুখসত

**১৪. যে জিনিসকে কিয়াস করা হয়, তাকে কী বলে?**
ক) আসল খ) হুকুম
গ) ফারা ঘ) ইল্লত

**নিচের উদ্দীপকের আলোকে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

কামাল সাহেব মৃত্যুর পূর্বেই তার পুকুরটি মসজিদের জন্য দান করেন। এতে জনগণ খুব খুশি হয়। অপরদিকে জামান সাহেব একটি মদের কারখানায় কাজ করেন। গ্রামের লোকেরা তার সমালোচনা কর। এতে তিনি হতাশায় ভুগেন।

**১৫. কামাল সাহেবের কাজটি কোন পর্যায়ের?**
ক) যাকাত খ) সাদকাহ
গ) ইহসান ঘ) খিদমতে খালক

**১৬. উদ্দীপকে জামান সাহেবের কর্মের পরিণতি কী?**
i. আল্লাহর অভিসম্পাত
ii. শারীরিক ও মানসিক প্রশান্তি
iii. সামাজিক অশান্তি

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৭. হিজরি কত শতাব্দীতে ফিক্‌হশাস্ত্রের উদ্ভব ও বিকাশ হয়?**
ক) ১ম খ) ২য়
গ) ৩য় ঘ) ৪র্থ

Teachingbd.com

১৮. কোন ইমাম ৪০ জনের সম্পাদনা পরিষদ গঠন করেন?
ⓚ ইমাম মালিক (র.)
ⓛ ইমাম আবু হানিফা (র.)
ⓜ ইমাম আহমদ (র.)
ⓝ ইমাম শাফেয়ী (র.)

**নিচের উদ্দীপকের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
বেলাল ও হাসান হাদিসের গুরুত্ব নিয়ে আলোচনা করছিল। বেলাল বলল, হাদিসও এক ধরনের ওহি। কেননা আল্লাহ বলেন, وما ينطق عن الهوى ان هو الا وحى يوحى- তখন হাসান বলল, আল্লাহর ভালোবাসা পাওয়ার জন্য হাদিসের অনুসরণ অপরিহার্য।

১৯. উদ্দীপকে উল্লেখিত 'ওহি' কোন প্রকারের হাদিস?
ⓚ মাতলু ⓛ গাইরি মাতলু
ⓜ কুদসি ⓝ তাকরিরি

২০. উদ্দীপকে হাসানের বক্তব্য যথার্থ, কারণ—
i. হাদিস ছাড়া কুরআন বোঝা সম্ভব নয়
ii. ইহা ইসলামের দ্বিতীয় স্তম্ভ
iii. এটা ছাড়া আল্লাহর ইবাদত করা অসম্ভব

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২১. ইজমার ক্ষেত্রে আযিমত ও রুখসাত কী?
ⓚ রুকন ⓛ প্রকারভেদ
ⓜ উদ্দেশ্য ⓝ শর্তাবলি

২২. যার উপর কিয়াস করা হয়, তাকে কী বলে?
ⓚ আসল ⓛ ফারা'
ⓜ ইল্লত ⓝ হুকুম

**উদ্দীপকের আলোকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
রেজাউল সাহেব নামাজ শেষে বাড়ি ফিরছিলেন। তিনি রাস্তার মাঝখান থেকে এক টুকরো কাঁচ সরিয়ে দিলেন এবং বন্ধু হাসনাতকে তাফসীরুল কুরআন শুনার দাওয়াত দিলেন। হাসনাত সাহেব প্রতিশ্রুতি দিলেন এবং তা ভঙ্গ করলেন।

২৩. রেজাউল সাহেবের কর্মকাণ্ডটি কোন পর্যায়ের?
ⓚ ইহসান ⓛ ইমান
ⓜ শোকর ⓝ আদল

২৪. উদ্দীপকে হাসনাত সাহেবের কর্মকাণ্ডে বিপর্যয় ঘটবে—
i. কথা বলার
ii. মানসিকতার
iii. ঐক্যবদ্ধতার

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৫. اني جاعل فى الارض خليفة আয়াতে خليفة হচ্ছেন—
ⓚ আদম (আ.) ⓛ নূহ (আ.)
ⓜ ইবরাহিম (আ.) ⓝ মুহাম্মদ (স.)

**উদ্দীপকের আলোকে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
নামাজ শেষে ইমাম সাহেব কুরআনের তাফসীর করছিলেন। তিনি আদম (আ.) এর সৃষ্টি নিয়ে আলোচনা করতে গিয়ে এই আয়াতটি তেলাওয়াত করেন, "তারা বলল, আপনি মহান, পবিত্র। আপনি আমাদেরকে যা শিক্ষা দিয়েছেন তাছাড়া আমাদের কোনো জ্ঞান নাই।" তখন আব্দুল্লাহ নামে একজন শ্রোতা শয়তানের সৃষ্টি নিয়ে প্রশ্ন করলে ইমাম সাহেব নিচের আয়াতটি তিলাওয়াত করেন।
واذ قلنا للملائكة اسجدوا لادم فسجدوا الا ابليس ابى واستكبر-

২৬. ইমাম সাহেবের উদ্ধৃত প্রথম আয়াতের বক্তা কে?
ⓚ আদম (আ.) ⓛ ফেরেশতা
ⓜ জিবরাইল (আ.) ⓝ ইবলিশ

২৭. উদ্দীপকে আব্দুল্লাহর প্রশ্নের জবাবে উদ্বৃত আয়াতে বলা হয়েছে—
i. তোমরা আদম (আ.) কে সিজদা কর
ii. ইবলিশ ছাড়া সবাই সিজদা করল
iii. সে সেখান থেকে দ্রুত পলায়ন করল

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৮. সর্বাধিক হাদিস বর্ণনাকারী সাহাবি কে ছিলেন?
ⓚ হযরত আয়েশা (রা.)
ⓛ ইবন আব্বাস (রা.)
ⓜ আবু হুরায়রা (রা.)
ⓝ আনাস (রা.)

২৯. ليس المؤمن بالطعان হাদিসে الطعان হচ্ছে—
ⓚ পরনিন্দুক ⓛ অভিসম্পাতকারী
ⓜ অশালীন ⓝ নির্লজ্জ

৩০. হাদিসে ফরজের পরে ফরজ বলা হয়েছে কোন ইবাদতকে?
ⓚ নামাজ আদায় করা ⓛ জাকাত দেয়া
ⓜ হালাল উপার্জন ⓝ রমজানের সাওম

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

http://teachingbd.com